**ব্যক্তিগত ও গোপনীয়**

Date

Name
Address 1
Address 2
Postcode

প্রিয় <<patient name>>

আপনার ডাক্তার আজ আপনার উপসর্গগুলো পরীক্ষা করার জন্য আপনাকে জরুরী ভিত্তিতে হাসপাতালে রেফার করেছেন। এটা জরুরী হওয়ায় আপনি দুই সপ্তাহের মধ্যে হাসপাতালে একটি অ্যাপয়েন্টমেন্ট পাবেন। এটা হতে পারে একজন বিশেষজ্ঞের সাথে ক্লিনিক অ্যাপয়েন্টমেন্ট অথবা একটি ডায়গনস্টিক পরীক্ষা, যেমন ক্যামেরা টেস্ট।

আপনার উপসর্গগুলোর অনেক সাধারণ কারণ থাকতে পারে, তবে আমরা নিশ্চিত হতে চাই যেন কোনো গুরুতর বিষয় বাদ না পড়ে, যেমন ক্যান্সার।

এইভাবে রেফার করা অধিকাংশ মানুষ (১০ জনের মধ্যে ৯ জনের বেশী) ক্যান্সারে আক্রান্ত হন না। তবে দ্রুত পরীক্ষা করা গুরুত্বপূর্ণ যাতে কোনো চিকিৎসার প্রয়োজন হলে তা যত দ্রুত সম্ভব শুরু করা যায়।

হাসপাতাল থেকে অ্যাপয়েন্টমেন্ট দেওয়ার জন্য আগামী কয়েক দিনের মধ্যে আপনার সাথে যোগাযোগ করা হবে। যদি ১০ দিনের মধ্যে কোনো খবর না পান, তবে এই চিঠিতে দেওয়া ফোন নম্বরে আপনার জিপির সেক্রেটারীর সাথে যোগাযোগ করে নিশ্চিত করবেন রেফেরালটি করা হয়েছে কিনা।

আপনাকে দেওয়া অ্যাপয়েন্টমেন্টে উপস্থিত হওয়ার জন্য সর্বোচ্চ চেষ্টা করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

হাসপাতালে কিছু পরীক্ষা লাগতে পারে যা বিশেষজ্ঞকে আপনার উপসর্গের কারণ বুঝতে সাহায্য করবে। এই পরীক্ষাগুলো হতে পারে:

- রক্ত পরীক্ষা
- এক্স-রে
- স্ক্যান (সিটি/এম আর আই)
- ক্যামেরা টেস্ট

যদি স্ক্যান বা ক্যামেরা টেস্টের প্রয়োজন হয় আপনাকে আগে থেকে জানানো হবে, তাই দয়া করে তাদের দেওয়া নির্দেশনাগুলো অনুসরণ করবেন। আপনি একই দিনে ফলাফল পেতে পারেন। বিশেষজ্ঞ আপনাকে আরও তথ্য দেবেন এবং পরবর্তী পদক্ষেপ সম্পর্কে পরামর্শ দেবেন।

আপনি যদি চান আপনার সাথে একজন বন্ধু বা পরিবারের কোনো সদস্যকে সঙ্গে নিতে পারেন। মেডিকেল টিম কোনো অলোচনা করলে এতে আপনার সাহায্য হতে পারে। আপনি যদি এই রেফেরালের কারণে চিন্তিত থাকেন তাহলে দয়া করে আপনার জিপির সাথে যোগাযোগ করুন।

জরুরী রেফেরাল সম্পর্কে আরও তথ্যের জন্য ঘুরে আসুন:
http://www.cancerresearchuk.org/cancer-symptoms/what-is-an-urgent-referral

অ্যাপয়েন্টমেন্টর জন্য অপেক্ষায় থাকাকালীন, আপনার স্বাভাবিক কাজকর্ম/ব্যায়াম চালিয়ে যাওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে। যদি আরও চিকিৎসার প্রয়োজন হয়, আপনার চিকিৎসার একটি গুরুত্বপূর্ণ অংশ হবে আপনার ফিটনেস উন্নত করা-যেমন ধূমপান বন্ধ করা এবং শারীরিক কার্যকলাপ বাড়ানো।

**<< GP>>**
**Surgery contact details**